


## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আবাসন ও বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২,০০০-৫৩,০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসের ০১ (এক) টি শূন্য সহকারী প্রক্টর (মহিলা) পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে অবশ্যই স্নাতক সন্মানসহ মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। সকল পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। এছাড়া প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থ্য, ভাল ব্যবহার, নেতৃত্বে ও শিক্ষা-সহায়ক কার্যাবলি পরিচালনার গুণাবলীর অধিকারী হতে হবে। কম্পিউটার বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান ও অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ২৮-০২-২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট (২০৩ নং কক্ষ) পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

  
৫/২/১৮